**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়**
**কাশিয়ানী, গোপালগঞ্জ**
www.fisheries.kashiani.gov.bd

# সেবার তালিকা

## উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহঃ

- উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়ির চাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক লাগসই প্রযুক্তি সম্পর্কিত তথ্য প্রদান;
- মৎস্যচাষ প্রযুক্তির চাহিদা নিরুপণ এবং চাহিদা ভিত্তিক লাগসই প্রযুক্তির উপর প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন;
- মৎস্যখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ এর আওতায় জেলা মৎস্য দপ্তরের সমন্বয়ে মৎস্যখাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শণ করা এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা এবং মৎস্যখাদ্য নমুনা সংগ্রহ ও তা পরীক্ষা করে মৎস্যখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ প্রতিপালনে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
- মৎস্য হ্যাচারী আইন, ২০১০ ও মৎস্য হ্যাচারী বিধিমালা, ২০১১ এর আওতায় জেলা মৎস্য অফিসের সমন্বয়ে মৎস্য হ্যাচারীসমুহের নিবন্ধন নিশ্চিত করা এবং আইন প্রতিপালনে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
- মাছ ও চিংড়িতে ফরমালিনসহ নিষিদ্ধ ঘোষিত অপদ্রব্য ব্যবহাররোধে এবং নিরাপদ মৎস্যখাদ্য সরবারহে সহযোগীতা প্রদান;
- মাছ ও চিংড়ি চাষ বিষয়ক প্রযুক্তি সফলভাবে হস্তান্তরের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ, চাষি প্রশিক্ষণ প্রদর্শণী খামার পরিচালনার জন্য প্রশিক্ষণ সামগ্রি, ম্যানুয়াল, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ;
- অধিক উৎপাদন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারী মৎস্যবীজ উৎপাদন খামারের কর্মপরিকল্পনা প্রণয়নসহ বিভিন্ন প্রজাতির গুণগত ও মানসম্মত পোনা ও ব্রুডমাছ উৎপাদন ও সরবরাহ;
- মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য জাতীয় মৎস্য সপ্তাহ পালন, মৎস্য পুরস্কার প্রদানসহ অন্যান্য বিভাগের পুরস্কার প্রদান ও মনোনয়নে সহায়তা প্রদান;
- প্রযুক্তি হস্তান্তর, সম্প্রসারণ ও সংরক্ষণ কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকল প্রকার মুদ্রিত এবং অডিও-ভিজুয়াল সম্প্রসারন সামগ্রী অভিষ্ট জনগোষ্ঠীর মাঝে বিতরণ;
- অভ্যন্তরীন মৎস্য সম্পদ জরিপ কাযর্ক্রম পরিচালনা করা;
- প্রাকৃতির দুর্যোগকালীন সময়ে সার্বক্ষনিক মনিটরিং রুম খুলে মাঠ পর্যায় হতে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করে তা একিভুত করে জেলা কন্ট্রোল রুমে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, সদরদপ্তরের কর্মচারীদের টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা গ্রহণ ও ব্যবস্থা গ্রহণের সহায়তা প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীদের চাকরী নিয়মিতকরণ ও স্থায়ীকরনের ব্যবস্থা/সহায়তা প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক বর্ধিত বেতন প্রদানে সহায়তা প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীদের ছুটি, পদায়ন, ও বদলীর ব্যবস্থা/সহায়তা প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীদের ল্যাম্পগ্রান্ট ও পেনশন মঞ্জুরীর ব্যবস্থা/সহায়তা প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীদের শৃংখলাজনিত কাযর্ক্রম বাস্তবায়ন করা;
- কর্মকর্তা/কর্মচারীদের বিএফ/জিপিএফ  অগ্রিম মঞ্জুরীর ব্যবস্থা/সহায়তাকরণ;
- কর্মকর্তা/কর্মচারীদের বহি:বাংলাদেশ গমনে পাসপোর্ট প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ (NOC) প্রদানের ব্যবস্থা করা;
- স্বাস্থ্যসম্মত ও মানসম্পন্ন মৎস্য ও মৎস্যপণ্য প্রক্রিয়াজাতকরণের নিমিত্তে HACCP বাস্তবায়নের কারিগরী সহায়তা প্রদান;
- মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানা, মৎস্য সরবরাহকারী, ডিপো, মৎস্য অবতরণকেন্দ্র, বরফকল, মৎস্যপণ্য রপ্তানীকারক প্রভৃতি লাইসেন্স প্রদান/নবায়নে তথ্য ও সহায়তা প্রদান;
- নিরাপদ মৎস্য উৎপাদনের লক্ষ্যে উত্তম মৎস্যচাষ অনুশীলন (GAP) বাস্তবায়নে সহায়তা করা;
- মৎস্যচাষের মাধ্যমে নিরাপদ মাছ ও চিংড়ি উৎপাদন হচ্ছে কিনা তা যাচাইয়ের লক্ষ্যে NRCP বাস্তবায়ন করা;
- মাছ ও চিংড়ীতে অপদ্রব্য পুশ রোধে অভিযান পরিচালনা করা;
- মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানিতে ভুমিকা রাখার কারনে জাতীয় মৎস্য সপ্তাহের পুরস্কার প্রদানের জন্য সহায়তা করা;
- প্রতিমাসে আয়ের-ব্যয়ের প্রতাবেদনসহ অন্যান্য প্রতিবেদন জেলায় প্রেরণ;
- ইলিশ সম্পদ রক্ষায় অভিযান পরিচালনা,
- উর্দ্ধত্তন কর্তৃপক্ষের সকল বৈধ আদেশ পালন করা;
- জনগুরুত্বপূর্ণ কাযর্ক্রমসমূহ, যেমন: নির্বাচন অনুষ্ঠান, বিভিন্ন জাতীয় দিবস পালনে লোকাল প্রশাসনকে সহায়তা প্রদান।